

2020

**BENGALI****[HONOURS]****Paper : III****[SUPPLEMENTARY]**

Full Marks : 100

Time : 4 Hours

*The figures in the right-hand margin indicate marks.**Candidates are required to give their answers in their own words as far as practicable.*১। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও:  $1 \times 5 = 5$ 

- ক) ‘এ কোন্ নাস্তিকের ঘরের মেয়ে? এবার এ সংসার হইতে লক্ষ্মী ছাড়িল’ — কার সম্পর্কে একথা বলা হয়েছে?
- খ) বাংলা সাহিত্যের একখানি কারা-উপন্যাসের নাম লেখ।
- গ) ‘গৃহদাহ’ উপন্যাসটি কত পরিচ্ছেদে বিভক্ত?
- ঘ) রবীন্দ্রনাথ ঠাকুরের ‘শেষের রাত্রি’ গল্পটি প্রথম কোন্ পত্রিকায় প্রকাশিত হয়েছিল?
- ঙ) ‘অনেকদিনের একটি হাস্যবাধায় অসম্পূর্ণ চেষ্টা আজ অশ্রুজলধারায় সমাপ্ত হইল’ — ‘অসম্পূর্ণ চেষ্টা’ টির উল্লেখ করো।
- চ) ‘এসব বোৰা আমাৰ সইবে না’ — কিসের বোৰা?

- ছ) ‘প্রায় দুইশত পঞ্চাশ বৎসর পূৰ্বে একদিন মাঘমাসের রাত্রিশেষে একখানি যাত্রীৰ নৌকা গঙ্গাসাগৰ হইতে প্রত্যাগমন কৱিতেছিল’ — ঘটনাটি কত খ্রিস্টাব্দ নাগাদ ঘটতে পারে?
- জ) ‘ঘৰে বাইরে’ উপন্যাসে হরিশ কুণ্ডুৰ গোমস্তার নাম কী ছিল?
- ২। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও:  $2 \times 10 = 20$
- ক) ‘পৰশ্পাথৰেৱ স্পৰ্শে রাঙও সোনা হয়’  
— কথাটি ব্যাখ্যা করো।
- খ) ‘দিল্লীশ্বৰকে কে দমন কৱল?’  
— কার উক্তি? দিল্লীশ্বৰ কে?
- গ) ‘ও তো কৰ্তব্য পালন কৱেছে?’  
— কে, কী কৰ্তব্য পালন কৱেছে?
- ঘ) ‘লাখটাকার গুজবে তো একেবারেই ফাঁকি  
— গুজবটি কী?
- ঙ) ‘তুমি আমাৰ সেই সতীলক্ষ্মী মা, অনেক কাল আগে  
কেবল দুদিনের জন্য আমাৰ কোলে এসে চলে গিয়েছিলে’  
— কে, কাকে এই সম্মোধন কৱেছিল?
- চ) ‘যাকে ভালোবেসেছো তাৰ কাছে টাকাকড়ি ধন দোলত  
কতটুকু’ — কে কাকে এই কথা বলেছে?
- ছ) ‘প্ৰকান্ড একটা দায়িত্বেৰ গৌৱবে আমাৰ মন ভৱে উঠল’  
— মন ভৱে ওঠাৰ কাৱণ কী লেখো।

- জ) ‘ঈ তো আমার স্বকীয়া’ — কে, কেন এমন মনে  
করেছে?
- ব) ‘মেয়েটির অখ্যাতির কথা অনেক শুনিতে পাওয়া যায়’  
— অখ্যাতি কেন?
- ঝ) ‘আহা, দুটিতে বেশ মানায়’ — কথাটি কে বলেছিল?
- ট) ‘ক্ষুদ্র ফুল ফুটিয়া থাকে কিন্তু এক মণিলে দুইটি কমল  
ফোটে না’ — কার উক্তি? ‘দুইটি কমল’ বলতে কী  
বোানো হয়েছে?
- ঠ) ‘এরা আমাকে যেতে দিতে চায় না’  
— একথা কে, কাকে বলেছিল?
- ৩। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও :  $6 \times 5 = 30$
- ক) চেতনাপ্রবাহমূলক উপন্যাসের বৈশিষ্ট্য দ্রষ্টান্তসহ আলোচনা  
করো।
- খ) ‘মনে মনে ক্ষমা চাওয়ার চেয়ে প্রকাশ্যে চাওয়াটি যে  
সকল সময়ে সবচেয়ে বড়ো জিনিস তা আমি স্বীকার  
করি নে’ — প্রসঙ্গসহ আলোচনা করো।
- গ) বাংলা সাহিত্যে একখানি সার্থক সামাজিক উপন্যাস  
সম্পর্কে আলোচনা করো।
- ঘ) ‘কপালকুণ্ডলা ভাবিলেন, ভিক্ষুক দৌড়িল কেন’  
— প্রসঙ্গ উল্লেখ করে ভিক্ষুকের দৌড়ানোর কারণ কী  
জানাও।
- ঙ) ‘তুমি অধম তাই বলিয়া আমি উভয় হইব না কেন?’  
— কাহিনী উল্লেখ করে মন্তব্যটির মর্মার্থ আলোচনা  
করো।
- চ) ‘ঘরে বাইরে’ উপন্যাসে পপুও চরিত্রটির ভূমিকা আলোচনা  
করো।
- ছ) একটি সার্থক ছোটগল্পের মূল বৈশিষ্ট্যগুলো উল্লেখ করো।
- জ) আঞ্চলিক উপন্যাস বলতে কী বোঝ, বৈশিষ্ট্যসহ  
আলোচনা করো।
- ৪। যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও :  $15 \times 3 = 45$
- ক) ‘ঘরে বাইরে’ উপন্যাসে রবীন্দ্রনাথ ঠাকুর তাঁর  
রাজনৈতিক অনুভবের প্রকাশ যেভাবে ঘটিয়েছেন তা  
বিশ্লেষণ করে বুঝিয়ে দাও।
- খ) ‘একরাত্রি’ গল্পের নাটকীয়তা যে কাব্যময়তার মধ্যে  
পরিপূর্ণতা পেয়েছে তা পর্যালোচনা করো।
- গ) অচলার মানসিক দোলাচলবৃত্তি ‘গৃহদাহ’ উপন্যাসে  
পরিণতির পথ নির্দেশ করেছে’ — মন্তব্যটির যৌক্তিকতা  
নির্ণয় করো।
- ঘ) ‘নিশ্চিথে’ গল্পটিকে অতিথ্রাকৃত গল্প বলা যায় কিনা বিবৃত  
করো।
- ঙ) ‘কপালকুণ্ডলা’ উপন্যাসে পদ্মাবতী ও মৃন্ময়ী চরিত্রের  
একটি তুলনামূলক আলোচনা করো।
- চ) ‘গৃহদাহ’ উপন্যাসের নামকরণ প্রসঙ্গটি পর্যালোচনা  
করো।
-